দামুড়হুদা সদাবরি মাধ্যমিক বিদ্যালয়ের নব-নির্বাচিত ম্যানেজিং কমিটির দায়িত্বভার গ্রহণ

দামুড়হুদা উপজেলার সদাবরি মাধ্যমিক বিদ্যালয়ের নব-নির্বাচিত ম্যানেজিং কমিটির সদস্যদের দায়িত্বভার গ্রহন ও প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২টার সময় বিদ্যালয়ের সভাপতি ইঞ্জিনিয়ার মোঃ তছিম উদ্দিনের সভাপতিত্বে বিদ্যালয়ের অফিস কক্ষে নব-নির্বাচিত সদস্যদের ফুল দিয়ে বরণ করে নেন বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। এসময় সভাপতিও রজনীগন্ধা ফুলের স্টিক দিয়ে বিদ্যালয়েরর সকল শিক্ষক কর্মচারীকে শুভেচ্ছা জানান।

এসময় উপস্থিত ছিলেন সদাবরি মাধ্যমিক বিদ্যালয়ের নব-নির্বাচিত নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মো. তছিম উদ্দীন,সাধারণ শিক্ষক সদস্য সাবির আহাম্মেদ,মিজানুর রহমান,সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য আলেয়া খাতুন, অভিভাবক সদস্য আক্তারুজ্জামান,আহসান হা্বিব,আবু সাঈদ,হেলাল উদ্দিন, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য জোহুরা খাতুন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সদস্য সচিব মোঃ ওবায়দুল্লাহ প্রমুখ।

সভায় ইউপি সদস্য আব্দুর রবকে শিক্ষানুরাগী (বিদ্যুৎসাহী) সদস্য হিসেবে মনোনীত করা হয়। সহকারী শিক্ষক সাবির আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে কমিটির সকল সদস্যবৃন্দ, শিক্ষক -শিক্ষিকাসহ স্হানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সর্বশেষ বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রী ও আমন্ত্রিত সকল শ্রেণী পেশার মানুষের মাঝে খাবার বিতরন করেন সভাপিত তছিম উদ্দীন।

উল্লেখ্য, গত ৩১ মে বিপুল উৎসাহ উদ্দীপনা ও ভোট যুদ্ধের মধ্য দিয়ে সভাপতি নির্বাচিত হন সদাবরি গ্রামের কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মোঃ তছিম উদ্দীন প্যানেল।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

আজ সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা পৌরসভার (প্যানেল) মেয়র রবিউল হক সুমন, কুড়ালগাছী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন।

টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচে মুখোমুখি মাঠে নামে নাটুদা ইউনিয়ন একাদশ বনাম কুড়ালগাছী ইউনিয়ন একাদশ অপর খেলায় দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ বনাম দর্শনা পৌরসভা একাদশ। প্রথম খেলায় নাটুদা ইউনিয়ন একাদশকে ট্রাইবেকারে ৪-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় কুড়ালগাছী ইউনিয়ন একাদশ। দ্বিতীয় খেলায় দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশকে ৪-২ গোলে হারিয়ে দর্শনা পৌরসভা চ্যাম্পিয়ন হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, নাজির সাখাওয়াত রাসেল,সিএ ফয়জুল হক, সহকারী প্রশাসনিক কর্মকর্তা আশরাফুল ইসলাম, উপজেলা আইসিটি টেকনিশিয়ান খাইরুল কবির ডিনার, ইউপি সদস্য হাসান আলী, নুরুল ইসলাম, সুমন হোসেন, কমিশনার রেজাউল হক।

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন, মোস্তাফিজুর রহমান ও জিয়া হায়দার।

আগামীকাল মঙ্গলবার বেলা ৩.৩০ ঘটিকার সময় ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে যে শক্তিশালী দল দুটি অংশ গ্রহণ করিবে কুড়ালগাছী ইউনিয়ন একাদশ বনাম দর্শনা পৌরসভা একাদশ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের বৃক্ষরোপণ অভিযানের শুভ উদ্বোধন

গাছের মতো উপকারী বন্ধু কোন নাই ছায়াঘেরা গাছের নিচে শান্তি খুজে পাই এই প্রতিপাদ্য বাংলাদেশের শিক্ষা শান্তি প্রগতি পতাকা বহনকারী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার পক্ষ থেকে বৃক্ষরোপণ অভিযানের শুভ উদ্বোধন করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গাজী ইমদাদুল হক সজলের নেতৃত্ব সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা আদর্শ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ও বিকাল সাড়ে চারটার সময় রাহেলা খাতুন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়।

এ সময় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা সজল বলেন,গাছ লাগান পরিবেশ বাঁচান এই স্লোগানকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বৃক্ষরোপনের নির্দেশনা ও বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্রলীগের নেতৃবৃন্দের নির্দেশনা অনুযায়ী চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে আমরা বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ অভিযান পরিচালনা করছি এবং সামনে দিনগুলোতে করা হবে।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র মো:ওবাইদুর রহমান চৌধুরী জিপু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর হোসেন, চুয়াডাঙ্গা জেলা

শ্রমিকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মুক্তার হোসেন।

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পৌর শাখার ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম বিট্টু, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সাবেক যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক বদর উদ্দিন খান, চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর মাফিজুর রহমান মাফি, জীবন নগর ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক অনিক হাসান, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা আরফিন সজীব, আদিব জোয়ার্দ্দার, ইসতিয়াক সিথুন, পাপন হাসান সবুজ,আরাফাত প্লাবন, তানজিল তন্ময়, রাইসুল, আহাদ মোল্লা,সালেকিম,সাব্বির,এনামুল, আল মামুন, সামিউল, আসিফ,আনারুল সহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীরা।

চুয়াডাঙ্গায় খাদ্য অধিকার এবং কৃষি খাদ্যব্যবস্থা রুপান্তর ক্যাম্পেইন র্যালি আলোচনা সভা ও কমিটি গঠন

চুয়াডাঙ্গায় খাদ্য অধিকার এবং কৃষি খাদ্যব্যবস্থা রুপান্তর ক্যাম্পেইন র্যালি ও আলোচনা সভা কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন ট্রেনিং সেন্টারের এক কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান সোহাগ। আয়োজনে ছিলেন, চুয়াডাঙ্গা জেলা কমিটি।

সভার শুরুতে, খাদ্য অধিকার এবং খাদ্যব্যবস্থার রুপান্তর ক্যাম্পেইন সম্পর্কে উপস্থাপনা করেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ। এরপর খাদ্য অধিকার বাংলাদেশ সম্পর্কে একটি লিফলেট প্রতিবেদন পড়ে সভায় উপস্থিত সকলকে শোনায় চুয়াডাঙ্গা সদর উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি নাবিলা রুখসানা

ছন্দা। খাদ্য অধিকারের কাজ কি বা খাদ্য আইন সম্পর্কে সভায় আলোচনার মধ্যে তা উপস্থাপনা করে বলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান সোহাগ। এরপর খাদ্য অধিকার নিয়ে উন্মুক্ত আলোচনা করা হয়।

এসময় সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা লোকমোর্চার সভাপতি এ্যাড. মানিক আকবর, চুয়াডাঙ্গা জজ কোর্টের সিনিয়র এ্যাড. রফিকুল আলম রান্টু, চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চার সহ-সভাপতি তানজিলা মিনি, দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, চুয়াডাঙ্গা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থা রিশো নির্বাহী পরিচালক জাহিদুল ইসলাম, প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক বেলাল হোসেন, লোকমোর্চার সদস্য শেখ লিটন, ইলিয়াস হোসেন, নির্বাহী সদস্য উম্মে হাবিবা, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, ওয়েভ ফাউন্ডেশন কর্মকর্তা, খায়রুল কবির,ইসরাত জাহান, তরিকুল ইসলাম , মিরাজ, নুসরাত ইয়াসমিন, সোহেল রানা, আরিফুল ইসলাম, ওয়েভ ফাউন্ডেশনের কিশোর কিশোরী ক্লাবের মেন্টর, মহিরুল ইসলাম, সাকিব, আকাশ, সাংবাদিক এম এ মামুন, রিফাত রহমান, মিজানুর রহমান,প্রমুখ।

সভার শেষ পর্বে খাদ্য অধিকার ২৭ সদস্য বিশিষ্ট করে খাদ্য অধিকার এবং কৃষি খাদ্যব্যবস্থা রুপান্তর ক্যাম্পেইন চুয়াডাঙ্গা জেলা কমিটি গঠন করা হয়, কমিটিতে সভাপতি নির্বাচিত করা হয় এ্যাড. রফিকুল আলম রান্টু, সহ-সভাপতি করা হয় লাইলা শিরিন, সাংবাদিক এম এ মামুন, জান্নাতুল আওলিয়া নিশি ও সাধারণ সম্পাদক ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ। পরে বাকি সদস্যদের পুনাঙ্গ কমিটি গঠন করা হবে।

নাটুদা জগন্নাথ পুরে শত্রুতামূলক ৪ বিঘা জমির শিম

গাছ কর্তনের অভিযোগ

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের জগন্নাথপুর গ্রামে পূর্ব শত্রুতার জেরে ৪ বিঘা জমির শিম গাছ কর্তনের অভিযোগ উঠেছে। এতে করে ক্ষতিগ্রস্ত্র কৃষকের প্রায় ২ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

জানা গেছে, জগন্নাথপুর গ্রামের খাতুন নেছার ছেলে আক্তার শাহাবুদ্দীন সহ গোলাম মোল্লার ছেলে শহীদ গংয়ের সাথে প্রায় ৮ বিঘা জমি নিয়ে মামলা মোকর্দ্দোমা চলে আসছে মনো মল্লিকের ছেলে আক্কাচ মল্লিক ও রাজ্জাক মল্লিক গংয়ের সাথে।

জমিজমা সংক্রান্ত একটি মামলায় বিজ্ঞ আদালতের রায় আসে শাহাবুদ্দীন গংয়ের পক্ষে। পরবর্তীতে রাজ্জাক গং বিজ্ঞ আদালতে ১৪৫ ধারায় একটি মামলা করে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে উভয় পক্ষকে শান্ত থাকার জন্য নির্দেশনা প্রদান করে নাটুদা ক্যাম্প।

শাহাবুদ্দীন জানান কিন্তু হঠাৎ করেই শনিবার গভীর রাতে সে সহ তার ভাই আক্কাচ মল্লিক,আক্কাচ মল্লিকের ছেলে মোস্তাফা,রাজ্জাকের ছেলে শাহাবুদ্দীন,আক্কাসের জামাই আ:আলিম মিলে আমাদের জমির ৪ বিঘা শিমগাছ পুরো কর্তন করেছে।এবং তারা আমাদের প্রতিনিয়ত নানান ভাবে হুমকি ধামকি অব্যাহত রেখেছে।এ বিষয়ে শাহাবুদ্দীন গং বিজ্ঞ আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।

এ বিষয়ে জানতে আক্কাচ মল্লিক ও রাজ্জাক মল্লিকের বাড়িতে গেলে তাদের কাউকে বাড়িতে পাওয়া যায়নি।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের তৃতীয়

খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) তৃতীয় দিনে দুইটি খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল রবিবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, জুড়ান পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, দর্শনা পৌর সভার (প্যানেল) মেয়র সুমন আহমেদ।
টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে মুখোমুখি মাঠে নামে জুড়ান পুর ইউনিয়ন একাদশ বনাম নাটুদাহ ইউনিয়ন একাদশ অপর খেলায় দর্শনা পৌরসভা একাদশ বনাম পারকৃষ্ণপুর মদন ইউনিয়ন একাদশ। প্রথম খেলায় জুড়ান পুর ইউনিয়ন একাদশকে ট্রাইবেকারে ৪-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় নাটুদাহ ইউনিয়ন একাদশ। দ্বিতীয় খেলায় পারকৃষ্ণপুর মদন ইউনিয়ন একাদশকে ২-১ গোলে হারিয়ে দর্শনা পৌরসভা চ্যাম্পিয়ন হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, নাজির সাখাওয়াত রাসেল, সহকারী প্রশাসনিক কর্মকর্তা আশরাফুল ইসলাম, উপজেলা আইসিটি টেকনিশিয়ান খাইরুল কবির ডিনার। খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

আলমডাঙ্গা জেহালার ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে মিথ্যে সংবাদ সম্মেলনের প্রতিবাদে প্রতিবাদ মানববন্ধন

মাদক বিক্রেতা কামাল হোসেন আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যে সংবাদ সম্মেলনের প্রতিবাদে মানববন্ধন করেছে ইউনিয়নের সর্বস্তরের জনগণ। এছাড়াও অবিলম্বে ইউনিয়নের মাদক বিক্রেতা কামালসহ সকল ব্যবসায়ীদের গ্রেফতারের দাবী জানান তারা।

গতকাল রবিবার বিকেল ৪ টার দিকে জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ মদনবাবুর মোড়ে ইউনিয়নবাসীর উদ্যোগে ঘণ্টাব্যাপী প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করা হয়।

জানা যায়, উপজেলার জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলনের বিরুদ্ধে মাদক ব্যবসার সাথে জড়িত থাকার অভিযোগ তোলেন কামাল হোসেন নামের এক ব্যবসায়ী । ওই অভিযোগের ভিত্তিতে গড়চাপড়া গ্রামের মাদক ব্যবসায়ী কামাল হোসেন আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবে উপস্থিত হয়ে গত ৬ জুলাই বৃহস্পতিবার সংবাদ সম্মেলন করেন। চুয়াডাঙ্গা সহ বিভিন্ন জেলা ও অনলাইন পত্রিকায় সংবাদটি প্রকাশিত হয়। যা সম্পূর্ণ ভিত্তিহীন ও বানোয়াট বলে দাবি করেন চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন ও স্থানীয়রা। এরই পরিপ্রেক্ষিতে গত ৭ জুলাই পাল্টা সংবাদ সম্মেলন করে চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন। এছাড়াও জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে মিথ্যে সংবাদ সম্মেলনের ঘটনায় মুন্সিগঞ্জ মদনবাবুর মোড়ে ইউনিয়নবাসীর উদ্যোগে ঘণ্টাব্যাপী প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করা হয়।

মানববন্ধন অনুষ্ঠানে বক্তারা বলেন, জেহালা ইউনিয়ন জুড়ে যখন মাদকের অভায়রণ্য গড়ে তুলেছে ব্যবসায়ী কামাল। তার অত্যাচারে ইউনিয়নবাসী অতিষ্ঠ হয়ে পড়ে। পুলিশের সহযোগীতায় মাদকের বিরুদ্ধে চেয়ারম্যান মাদকের বিরুদ্ধে দুর্গগড়ে তোলেন। ইতোমধ্যে মাদক বিরোধী অভিযানে পুলিশ অনেক ব্যবসায়ী ও সেবীকে গ্রেপ্তার করেছে।

মাদক বিক্রেতা কামালকে পুলিশ খুঁজলে সে চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যে অভিযোগ তোলেন। এঘটনায় মাদক ব্যবসায়ী কামাল সহ সকল মাদক ব্যবসায়ীকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানান সর্বস্তরের সাধারণ জনগণ। এছাড়াও চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যে সংবাদ সম্মেলনের ঘটনায় তীব্র নিন্দা জানায়।

এসময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বকুল হোসেন, ইউপি সদস্য জসি, আনারুল ইসলাম, হীরালাল, রিপন, রুবেল, বাবু, হাসেম, পিনজিরা, আরিফা খাতুন, লাভলি খাতুন, সমীর, আব্দুল কাদের, সাইদুর সোনা মিয়া, রকিবুল ইসলাম, আমির, জনি, রেন্টু, নজরুল, মিলন আহমেদ, নাসির উদ্দিন, সিলন, সাহেদ, মুঞ্জু, রানা, আলি হোসেন, সিদ্দিক, মিনহাজ, নান্নু, মহিবুর, শুভ প্রমুখ।

আলমডাঙ্গায় পৃথক দুই মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গা উপজেলায় দুটি পৃথক স্থানে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ।

গতকাল রবিবার দুপুরে জেহালার পুটিমারী এলাকা থেকে জলিল মিয়া (৩৫) ও কালিদাসপুর দক্ষিণপাড়ার শফিউল্লাল (৫৬)কে আটক করা হয়।

আটক মাহাবুল হক নাগদাহ ইউনিয়নের নাগদাহ মাঝের পাড়ার মৃত মতলেব মন্ডলের ছেলে ও শফিউল্লাল কালিদাসপুর ইউনিয়নের দক্ষিণপাড়ার মৃত জালাল উদ্দীনের ছেলে। এসময় জলিল মিয়ার কাছ থেকে ৫৬ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও শফিউল্লাল’র কাছ থেকে ২০ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন জব্দ করা হয়।

আলমডাঙ্গা থানার (ওসি) বিপ্লব কুমার নাথ ২ মাদক ব্যবসায়ীকে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ৫৬ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও ২০ পিস

এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন জব্দ করা হয়। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ অর্থ প্রদান

দামুড়হুদার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: এর সকল সদস্যদের মাঝে নগদ অর্থ প্রধান করা হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সমিতির কার্যালয়ের হলরুমে ৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ ১ হাজার টাকা করে সমিতির লভ্যাংশ থেকে দেওয়া হয়।

একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা আমার সংবাদ পত্রিকার সম্পাদক ও প্রকাশক হাশেম রেজা।

এসময় উপস্থিত ছিলেন, সমিতির সহ সভাপতি ফিরোজ আহম্মেদ, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, আফতাব উদ্দিন, আব্দুল কুদ্দুস, জুলফিকার আলি জুলু, আবু সাইদ, আব্দুল মজিদসহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য ও সাধারণ সদস্যরা।

কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: প্রধান উপদেষ্টা জনাব মোঃ আবু হাশেম রেজার একান্ত প্রচেষ্ঠার উদ্যোগ ও মানসিক, শারীরিক পরিশ্রমের সমিতি তার নিজ অবস্থান ফিরে পাওয়ায় সমিতির ৬৩৮ জন সদস্যকে নগদ ১ হাজার টাকার লভ্যাংশ বিতরণ করা হয়। মোট ৬ লক্ষ ৩৮ হাজার টাকা বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নতুন কমিটি করার লক্ষ্যে কেন্দ্রীয় ছাত্রলীগের প্রেস বিজ্ঞপ্তি

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের উদ্দেশ্য কেন্দ্রীয় ছাত্রলীগের প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গতকাল রবিবার রাত নয়টার সময় বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান সাক্ষরিত বাংলাদেশ ছাত্রলীগের প্যাডে এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করে কেন্দ্রীয় ছাত্রলীগের নেতৃবৃন্দ।

প্রেস বিজ্ঞপ্তিতে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি করার উদ্দেশ্য এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে ছাত্রসমাজ ও তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধ করতে বাংলাদেশ ছাত্রলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধি করার লক্ষ্যে নতুন কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বাংলাদেশ ছাত্রলীগ। উক্ত কমিটিতে পদ প্রত্যাশী ছাত্রলীগের নেতৃবৃন্দকে আগামী সাত দিনের ভিতরে কেন্দ্রীয় ছাত্রলীগের কার্যালয় জীবন বৃত্তান্ত প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়।